Edit with WPS Office

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## প্রাক নির্বাচনী পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর - তৃতীয় পর্ব শিক্ষাবর্ষ- ২০১৯ - ২০২০

### বিষয়: সারমর্ম, সারাংশ, ভাবসম্প্রসারণ

⭕ নমুনা প্রশ্ন ১। সারমর্ম লেখ:

আঠারো বছর বয়স আঘাত আসে
অবিশ্রান্ত; একে একে হয় জড়ো,
এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে
এ বয়স কাঁপে বেদনায় থরোথরো।
তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি,
এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে,
বিপদের মুখে এ বয়স অগ্রণী
এ বয়স তবু নতুন কিছু তো করে।
এ বয়স জেনো ভীরু, কাপুষ নয়
পথ চলতে এ বয়স যায় না থেমে,
এ বয়সে তাই নেই কোন সংশয়-
এ দেশের বুকে আঠারো আসুক নেমে।

( উত্তরের জন্য প্রয়োজনীয় পরামর্শ: কবি এই কবিতাটির মাধ্যমে তারুণ্যের বৈশিষ্ট্য তুলে ধরেছেন।
উত্তর তৈরি করার সময় কবিতার বক্তব্যের আলোকে সংক্ষিপ্তভাবে বৈশিষ্ট্য গুলো তুলে ধরে তারুণ্যের জয়গান ও প্রয়োজনীয়তা লিখতে হবে।)

### ১ নম্বর প্রশ্ন উত্তর

সারমর্ম: আঠারো বছর বয়স জীবনের তারুণ্যদীপ্ত সময়। এ বয়স সকল দুর্যোগ, দুর্বিপাকে অদম্য সাহস ও শক্তি নিয়ে দুর্বার গতিতে এগিয়ে চলে। যেকোন দেশের সার্বিক উন্নয়নে এ তারুণ্যের একান্ত প্রয়োজন। তাই কবি তারুণ্যের আগমন প্রার্থনা করেছেন।

Edit with WPS Office

⭕ নমুনা প্রশ্ন ২। সারমর্ম লেখ:

কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর?

মানুষেরই মাঝে স্বর্গ- নরক মানুষেতে সুরাসুর।

রিপুর তাড়নে তখনি মোদের বিবেক পায় গো লয়

আত্মগ্লানির নরক আনলে তখনি পুড়িতে হয়।

প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে তবে মিলি পরস্পরে,

স্বর্গ আসিয়া তখন আমাদের কঁড়েঘরে।

( উত্তরের জন্য প্রয়োজনীয় পরামর্শ: কবি এই কবিতাটির মাধ্যমে মানুষের মন্দ ও ভালো দিক নির্দেশ করেছেন। মানুষ চাইলেই অন্যের প্রতি সৌহার্দ্যপূর্ণ  আচরণ দ্বারা পৃথিবীতে স্বর্গসুখ রচনাকরতে পারে। আবার মন্দ আচরণ দ্বারা পৃথিবীতে নরকের মতো অশান্তি বয়ে আনতে পারে। তাই বিষয়টি সংক্ষেপে একটি স্তবকে লিখতে হবে।)

## ২ নম্বর প্রশ্ন উত্তর

সারমর্ম: স্বর্গ ও নরক দূরে নয়। পৃথিবীতে মানুষের মাঝেই এর অবস্থান। মানুষের বিবেকবর্জিত কাজে পৃথিবীতে নরক- মন্ত্রণা ভোগ করতে হয়, আবার ভালোবাসাপূর্ণ পারস্পরিক আন্তরিক মেলামেশায় পৃথিবীতেই স্বর্গীয় সুখ অনুভব করা যায়।

⭕ নমুনা প্রশ্ন ৩ । সারাংশ লেখ:

নীরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান গেয়ে শোনায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্মের মানেও তাই। প্রকৃতির যে ধর্ম মানুষেরও সে ধর্ম। পার্থক্য কেবল তরুলতা ও জীব- জন্তুর বৃদ্ধির উপর তাদের নিজেদের কোন হাত নেই, মানুষের বৃদ্ধির উপরে তার নিজের হাত রয়েছে। আর, এখানেই মানুষের মর্যাদা। মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও। মানুষকে আত্মা সৃষ্টি করে নিতে হয়,তা তৈরি পাওয়া যায় না। সুখ-দুঃখ- বেদনা উপলব্ধির ফলে অন্তরের যে পরিপক্কতা, তাই তো আত্মা।

( উত্তরের জন্য প্রয়োজনীয় পরামর্শ: লেখক এই প্রবন্ধাংশের  মাধ্যমে অপরের কল্যাণ সাধনে বৃক্ষের সার্থকতা বর্ণনা করতে গিয়ে তা থেকে  মানুষকে শিক্ষা নিয়ে জীবন গড়ার ইঙ্গিত দিয়েছেন। বৃক্ষের চাইতে মানুষের দেহ- মন বৃদ্ধিতে মানুষের সক্ষমতা রয়েছে। এই প্রসঙ্গগুলোর আলোকে উত্তর সাজাতে হবে।)

## ৩ নম্বর প্রশ্ন উত্তর

**সারাংশ: জীবনের দিক থেকে গাছ ও মানুষের মিল থাকলেও অমিলও রয়েছে। তরুলতা ও জীব-জন্তুর বৃদ্ধিতে তাদের নিজেদের হাত নেই তবুও তারা পরের কল্যাণে নিবেদিত। কিন্তু মানুষের চাইলে দৈহিক ও মানসিক বৃদ্ধিতে নিজের বুদ্ধি ও বিবেককে কাজে লাগিয়ে বৃক্ষের চেয়ে অনেক বেশি উদার হয়ে বিশ্বের কল্যাণ সাধন করতে পারে।**

Edit with WPS Office

⭕ **নমুনা প্রশ্ন ৪ । সারাংশ লেখ:**

**কোন সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছা যদি তোমরা থাকে তাহলে তাদের সব বই ধ্বংস কর এবং সকল পণ্ডিতকে হত্যা কর, তোমার উদ্দেশ্যে সিদ্ধ হবে। লেখক, সাহিত্যিকরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে, তারা বাঁচে না। দেশকে বা জাতিকে উন্নত করতে চেষ্টা করলে, সাহিত্যের সাহায্যেই তা করতে হবে। মানব মঙ্গলের জন্য যত অনুষ্ঠান আছে, তার মধ্যে এটাই প্রধান ও সম্পূর্ণ। জাতির ভেতর সাহিত্যের ধারা সৃষ্টি কর, আর কিছুর আবশ্যকতা নেই।**

**( উত্তরের জন্য প্রয়োজনীয় পরামর্শ: লেখক এই প্রবন্ধাংশের  মাধ্যমে লেখক বিশ্ব সভ্যতা বিকাশে লেখক-সাহিত্যিক ও তাঁদের লিখিত গ্রন্থের গুরুত্ব তুলে ধরেছেন। তাই  এই বিষয়ের আলোকে উত্তর সাজাতে হবে।)**

## ৪ নম্বর প্রশ্ন উত্তর

**সারাংশ: সাহিত্যিক ও পণ্ডিতগণ জাতির প্রাণ। তাঁদের রচনাগুলো জাতির জন্য অমূল্য সম্পদ। উন্নত পৃথিবী গড়তে হলে উন্নত মানের জাতি গড়ে তুলতে হবে। না হয় কোন দেশই উন্নত হতে পারবে না। তাই দেশ ও জাতির কল্যাণে পণ্ডিত সমাজের মূল্যায়ণ করতে হবে এবং তাঁদের নির্দেশিত পথে এগিয়ে যেতে হবে।**

⭕ **নমুনা প্রশ্ন ৫। ভাব সম্প্রসারণ করা।**

**দুর্নীতি জাতীয় জীবনে অভিশাপস্বরূপ**

**(উত্তরের জন্য প্রয়োজনীয় পরামর্শ:  ভাব সম্প্রসারণ তোমাদের উত্তরপত্রে চার পৃষ্ঠার বেশি লেখা দেখা যায়। তবে স্বাভাবিক সাইজের বর্ণে লেখা উত্তর চার পৃষ্ঠার বেশি গড়ানোর প্রয়োজন নেই। কারণ তোমাকে সময় হিসেব করে সকল প্রশ্নের উত্তর দিতে হবে। ভাব সম্প্রসারণের শুরুতে এক স্তবকে বাক্যটির অনুধাবনমূলক উত্তর লিখবে। তারপর কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রসঙ্গ গুছিয়ে উপস্থাপন করে বাক্যটির ভাবকে বিশ্লেষণ করতে হবে। বড় বলে পুরো উত্তর লিখে দেয়া সম্ভব নয় তাই উদাহরণ স্বরূপ কয়েকটি ইঙ্গিত দেয়া হলো)**

## ৫ নম্বর প্রশ্ন উত্তর

ভাব- সম্প্রসারণ: যে কোন দেশে উন্নয়নে বড় বাধা হলো দুর্নীতি। কোন জাতি তখন দুর্নীতিতে অভ্যস্থ হয়ে যায় তখন জাতির উন্নয়ন মারাত্মকভাবে ব্যাহত হয় এবং সমাজ ও রাষ্ট্রের শিরায় শিরায় ক্যান্সারের মতো ছড়িয়ে পড়ে রাষ্ট্রের আর্থ- সামাজিক অবনতি সাধন করে। তাই দুর্নীতি একটি জাতির জন্য অভিশাপের মতো।

👤 মানুষের লোভ ও উচ্চ বিলাসী চিন্তা থেকে দুর্নীতির উৎপত্তি ও বিস্তার নিয়ে আলোচনা করবে..........................................................................................................

👤 পরিবার ও সমাজ জীবনে দুর্নীতির কু প্রভাব এবং দুর্নীতি প্রতিরোধে পরিবার ও সমাজের ভূমিকা আলোচনা করবে..........................................................................................................

👤 জাতি ও রাষ্ট্রের উন্নয়নে দুর্নীতির কিভাবে ক্ষতি সাধন করে জাতি ও রাষ্ট্রকে পঙ্গু করে দিচ্ছে তা আলোচনা করবে। আইনের কঠোর প্রয়োগ করার ক্ষেত্রে রাষ্ট্রের ভূমিকা কেমন হওয়া উচিত সে বিষয়ে আলোচনা করবে..........................................................................................................

👤দেশ ও জাতিকে দুর্নীতির কলঙ্ক মুক্ত করতে ব্যক্তি, পরিবার,  সমাজ ও রাষ্ট্রেকে আন্তরিকভাবে এগিয়ে আসতে হবে। এভাবে ইতিবাচক প্রস্তাব উপস্থাপন করে সমস্যার সমাধান পথ নির্দেশ করে আলোচনা শেষ করবে।

Edit with WPS Office